হঠাৎ ঢাকায় আসছেন ফিফা প্রধান ইনফান্তিনো



ফিফা প্রধান ইনফান্তিনো। ছবি: সংগৃহীত

মরক্কো থেকে ভুটানের রাজধানী থিম্পু যাওয়ার পথে ঢাকায় বিরতি নেবেন বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফার সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো। রোববার (১৮ অক্টোবর) দুপুরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে তাঁর।

বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) সূত্রে জানা গেছে, বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জে ইনফান্তিনোর সঙ্গে সাক্ষাৎ করবেন ফেডারেশনের সভাপতি তাবিথ আউয়াল ও চার সহসভাপতি।

সফরকে ঘিরে ট্রানজিটের আনুষ্ঠানিকতা নির্বিঘ্ন করতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করেছে বাফুফে। মরক্কো থেকে থিম্পুতে সরাসরি ফ্লাইট না থাকায় ঢাকায় এই বিরতির ব্যবস্থা করা হয়েছে বলে জানা গেছে।

এর আগে ইন্দোনেশিয়ায় ফিফা আসিয়ান কাপ চলাকালে ইনফান্তিনোর সঙ্গে আনুষ্ঠানিক বৈঠক করেছিলেন তাবিথ আউয়াল।